# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

প্রধান প্রকৌশলীর দপ্তর
দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।
আলাপ ঃ ০৪৩১-৭২২৬৬ (অফিস)
০৪৩১-৭১১৭৭ (বাসা)

Office Of The Chief Engineer
Southern Zone, BWDB, Barisal.
Fax No : 0431-72020.
E-Mail : ce.barisal@gmail.com

স্মারক নং- প্রঃপ্রঃ/দঃঅঃ/ ৫২-৭৬/১৮৪ তারিখঃ ১৬/০৯/২০২১ খ্রিঃ

## দপ্তরাদেশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২১/০৯/২০২১ খ্রিঃ তারিখে রোজ-বৃহস্পতিবার বিকাল ৩.০০ ঘটিকায় প্রধান প্রকৌশলীর দপ্তর, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশালের আওতাধীন মাঠ পর্যায়ের দীর্ঘ দিনের দপ্তরসমূহের পুরাতন অপ্রয়োজনীয় নথি ধ্বংস/বিনষ্ট করার সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় বরিশাল জোনের আওতাধীন সকল সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে স্ব-শরীরে স্বাস্থ্যবিধি মেনে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো।

১৬/০৯/২০২১
(মোঃ নূরুল ইসলাম সরকার)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী
দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।

স্মারক নং- প্রঃপ্রঃ/দঃঅঃ/ ৫২-৭৬/১৮৪(২০) তারিখঃ ১৬/০৯/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থার জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ-

১. অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন/প্রশাসন), বাপাউবো, ঢাকা।
২. সচিব, বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশার/ভোলা পওর সার্কেল/ পটুয়াখালী পানি উন্নয়ন সার্কেল/বাপাউবো, বরিশাল/ভোলা/পটুয়াখালী।
৪. তত্ত্বাধায়ক প্রকৌশলী (পুর), প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬. নির্বাহী প্রকৌশলী, বরিশাল/বরিশাল যান্ত্রিক/পিরোজপুর/ ভোলা-১/ ভোলা-২/বরগুনা/ পটুয়াখালী পওর বিভাগ/ পটুয়াখালী/ ঝালকাঠী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, বরিশাল/পিরোজপুর/ভোলা/বরগুনা/পটুয়াখালী/কলাপাড়া/ঝালকাঠী।
৭. হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, বরিশাল/পটুয়াখালী/ভোলা।

১৬/০৯/২০২১
অতিরিক্ত প্রধান প্রকৌশলী
দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।

| | |
|---|---|
| **বিষয়** | **ঃ দীর্ঘ দিনের পুরাতন অপ্রয়োজনীয় নথি ধ্বংস/বিনষ্ট করার অনুষ্ঠিত কমিটি'র সভার কার্যবিবরণী** |
| **সভাপতি** | **ঃ জনাব মোঃ নূরুল ইসলাম সরকার, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।** |
| **সভার তারিখ** | **ঃ ২১/০৯/২০২১ খ্রিঃ।** |
| **সভার সময়** | **ঃ বিকাল ৩.০০, রোজঃ- বৃহস্পতিবার।** |
| **স্থান** | **ঃ প্রধান প্রকৌশলীর দপ্তর, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।** |

সভায় বরিশাল জোনের আওতাধীন বরিশাল পওর সার্কেল ও উহার আওতাধীন বিভাগসমূহের কর্মকর্তাগণ স্ব-শরীরে স্বাস্থ্যবিধি মেনে উপস্থিত ছিলেন। তালিকা পরিশিষ্ট-ক এ সন্নিবেশিত।

**দপ্তর/সংস্থার মাঠ পর্যায়ের দীর্ঘ দিনের পুরাতন অপ্রয়োজনীয় নথি ধ্বংস/বিনষ্ট করার সভা জনাব মোঃ নূরুল ইসলাম সরকার, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশালের সভাপতিত্বে তাঁর দপ্তর কক্ষে অনুষ্ঠিত হয়।**

২.০। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। দপ্তর/সংস্থার মাঠ পর্যায়ের সকলকে অফিসে অপ্রয়োজনীয় নথি সম্পর্কে আলোচনা করার জন্য সভায় অনুরোধ করেন। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল পওর সার্কেল, বাপাউবো, বরিশাল আলোচনায় অংশগ্রহণ করেন। অতঃপর সভাপতি বলেন যে, অনেক দপ্তরে দেখা যায় দীর্ঘ দিন পর্যন্ত অনেক অপ্রয়োজনীয় নথি এমনভাবে আছে যে, অফিসে বা দপ্তরে জায়গার সংকুলান হয় না। এ সমস্ত নথি শ্রেনী-বিন্যাসপূর্বক অতি-শীঘ্রই তালিকা তৈরীপূর্বক অপ্রয়োজনীয় নথি ধ্বংস/বিনষ্ট করার জন্য সভায় নিম্নরূপ আলোচনা করেনঃ–



স্থিরচিত্রঃ বরিশাল জোনের সার্কেল ও বিভাগসমূহের কর্মকর্তাগণ স্ব-শরীরে স্বাস্থ্যবিধি মেনে সভায় উপস্থিতি।

(ক) 'ক' শ্রেণীর রেকর্ডঃ- ইহা স্থায়ী রেকর্ড, যাহার স্থান অন্য কিছুর দ্বারা পূরণীয় নহে। অত্যাবশ্যকীয় নথিগুলি এই শ্রেণীর অন্তর্ভুক্ত।

(অ) নীতি, আইন, বিধি এবং প্রবিধানসংক্রান্ত গুরুত্বপূর্ণ বিষয়ের উপর আলোচনা ও আদেশ সংবলিত নথিসমূহ;

(আ) বরাতসূত্র নির্দেশের ব্যাপারে সুদীর্ঘকালের জন্য প্রায়ই প্রয়োজন হইতে পারে এইরূপ গুরুত্বপূর্ণ আদেশের পূর্বদৃষ্টান্ত বিষয়ক নথিসমূহ;

(ই) যাহাদের ব্যাপারে স্থায়ীভাবে সংরক্ষণ করা প্রয়োজন এইরূপ গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ সম্পর্কিত নথিসমূহ;

(ঈ) রাষ্ট্রীয় দলিলপত্র (State documents) যেমনঃ সন্ধিপত্র (treaties) এবং বিদেশের সহিত চুক্তিপত্র বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের জমি বা সম্পত্তি মালিকানা সম্পর্কিত কাগজ পত্র।

(খ) 'খ' শ্রেণীর রেকর্ডঃ- ইতা অর্ধস্থায়ী রেকর্ড। ১০ (দশ) বৎসর অথবা তদূর্ধ্ব সময়ের জন্য এই নথিসমূহ রক্ষিত হইবে। স্থায়ীভাবে সংরক্ষনের জন্য যথেষ্ট গুরুত্বপূর্ণ নয় অথচ ১০ (দশ) বৎসর কাল অথবা উহাদের উপযোগিতা অনুসারে তদূর্ধ্বকালের জন্য সংরক্ষণযোগ্য গুরুত্ববহ নথি এই শ্রেণীর অন্তর্ভুক্ত। উদাহরণস্বরূপঃ সরকারী কর্মচারীগণের সার্ভিস রেকর্ড, উন্নয়ন প্রকল্প, বাজেট, সরকার কর্তৃক বিভিন্ন সময়ে গঠিত কমিশন/কমিটির গুরুত্বপূর্ণ প্রতিবেদন এবং সরকারের গুরুত্বপূর্ণ নির্বাহী আদেশসংক্রান্ত নথিসমূহ এই শ্রেণীর অন্তর্ভুক্ত।

(গ) 'গ' শ্রেণীর রেকর্ডঃ- ইহা সাধারণ ধরণের রেকর্ড। এই রেকর্ডসমূহ তিন হইতে পাঁচ বৎসর কালের জন্য সংরক্ষিত হইবে। যে নথিসমূহের উপযোগিতা সীমিত এবং রেকর্ডভুক্ত হইবার পর মাত্র কয়েক বৎসরের জন্য প্রয়োজন হইতে পারে, ঐগুলি এই শ্রেণীর অন্তর্ভুক্ত। উদাহরণস্বরূপঃ ক্রয়-বিক্রয়, অস্থায়ীপদ সৃজন, কর্মকর্তাগণের বদলী এবং প্রশিক্ষণসংক্রান্ত নথিসমূহ।

(ঘ) 'ঘ' শ্রেণীর রেকর্ডঃ- এক বৎসর কালের জন্য এই রেকর্ডসমূহ সংরক্ষিত হইবে। সাধারণতঃ এক বৎসর কাল অতিক্রান্ত হইবার পর যে নথিসমূহের প্রয়োজনীয়তা আর থাকিবে না এইরূপ মামুলি অথবা স্বল্পকালীন প্রকৃতির কাগজপত্র এই শ্রেণীর অন্তর্ভুক্ত। এই কাগজপত্রের সূচিকরণ করা হইবে না এবং এক বৎসর পর ইহা বিনষ্ট করা হইবে।

৩.০ বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ—

৩.১। রেকর্ড বাছাই ও বিনষ্টকরণের জন্য দপ্তরের প্রশাসনিক কর্মকর্তা প্রতি বৎসর জানুয়ারী মাসে 'বিনষ্টযোগ্য নথিসমূহের নিবন্ধন বহি' পর্যালোচনা করে সেই বৎসরের মধ্যে বিনষ্টযোগ্য নথিসমূহের একটি তালিকা প্রস্তুত করিবেন। বিনষ্টযোগ্য নথিগুলিসহ তিনি ঐ তালিকাটি শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট পেশ করবেন। বিনষ্ট করার পূর্বে শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ঐ নথিসমূহ পড়ে দেখবেন। ক্ষেত্রবিশেষে শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা যদি কোন নির্দিষ্ট নথি আরও কতিপয় দিন রাখবেন বলে বিবেচনা করেন তবে তা তিনি কত দিনের জন্য রাখবেন তা নির্দেশপূর্বক লিখিত আদেশ প্রদান করবেন।

৩.২। আগত এবং প্রেরিত নথি/ডাকের ক্ষেত্রে সংশ্লিষ্ট রেজিষ্টার নিয়মিত হালনাগাদ করতে হবে।

৩.৩। সকল দপ্তরে অপ্রয়োজনীয় নথি ধ্বংস/বিনষ্টযোগ্য নথি তালিকা তৈরী পূর্বক সভায় উপস্থাপনের ব্যবস্থা করতে হবে।

৩.৪। আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/০৯/২০২১

(মোঃ নুরুল ইসলাম সরকার)
পরিচিতি নং-৬৪০৬০১০০৩
অতিরিক্ত প্রধান প্রকৌশলী
দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।

স্মারক নং- প্রঃপ্রঃ/দঃঅঃ/ ৫৭-৭৬/২৭৭(২০) তারিখঃ ২১/০৯/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থার জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ-

১. অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন/প্রশাসন), বাপাউবো, ঢাকা।
২. সচিব, বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা।

৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশার/ভোলা পওর সার্কেল/ পটুয়াখালী পানি উন্নয়ন সার্কেল/বাপাউবো, বরিশাল/ভোলা/পটুয়াখালী।

৪. তত্ত্বাধায়ক প্রকৌশলী (পুর), প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

৫. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

৬. নির্বাহী প্রকৌশলী, বরিশাল/বরিশাল যান্ত্রিক/পিরোজপুর/ ভোলা-১/ ভোলা-২/বরগুনা/ পটুয়াখালী পওর বিভাগ/ পটুয়াখালী/ ঝালকাঠী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, বরিশাল/পিরোজপুর/ভোলা/বরগুনা/ পটুয়াখালী/কলাপাড়া/ঝালকাঠী।

৭. হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, বরিশাল/পটুয়াখালী/ভোলা।

২১/০৩/২০২১

অতিরিক্ত প্রধান প্রকৌশলী
দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল

পরিশিষ্ট-ঙ

২১/০৯/২০২১ খ্রিঃ তারিখে প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল এর সভাকক্ষে দীর্ঘ দিনের পুরাতন অপ্রয়োজনীয় নথি ধ্বংস/বিনষ্ট করা বিষয়ক সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা বিবরণীঃ-

| ক্রমিক নং- | কর্মকর্তা/কর্মচারীর নাম ও পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১. | মো: নুরুল ইসলাম সরকার<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী | ০১৭১১-২৬৬৬৫৫ | [স্বাক্ষর] |
| ২. | মো: হাবিবুর রহমান<br>জেলা ধর্বারক্ষ্ঞ প্রকৌশলী<br>বরিশাল আবহাওয়া অফিস | 01917043057 | [স্বাক্ষর] |
| ৩. | মো: আব্দুস সালাম খান<br>নির্বাহী প্রকৌ:<br>বরিশাল যান্ত্রিক পওর বিভাগ | 01732-398919 | [স্বাক্ষর] |
| ৪. | দীপক রঞ্জন দাস<br>নি: প্র: বরিশাল পওর বিভাগ | 01717696616 | [স্বাক্ষর] |
| ৫. | মো: রাকিব হোসেন<br>নি: প্র: ঝালকাঠি পানি উন্নয়ন বিভাগ | 01318235400 | [স্বাক্ষর] |
| ৬. | মো: জাবেদ ইকবাল<br>উপ-বিভাগীয় প্রকৌশলী<br>বরিশাল। | 01740-431432 | [স্বাক্ষর] |
| ৭. | মো: রাকিব<br>উপ-বিভাগীয় প্রকৌশলী<br>সার্কেল, বরিশাল | 01754-501231 | Md Rakib |
| ৮. | এস. এম. রিফাত হোসেন<br>গবেষণা কর্মকর্তা<br>উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তার দপ্তর | 01714-969275 | [স্বাক্ষর] |
| ৯. | আবদুর রহিম হাওলাদার<br>সম্প্রসারণ উপসহকারী<br>উপ-প্রধান সম্প্র: কর্মকর্তার দপ্তর | 01724-915783 | [স্বাক্ষর] |
| ১০. | মো: ইকবাল হোসেন<br>সম্প্রসারণ উপসহকারী<br>উপ প্রধান সম্প্রসারণ অফিসারের দপ্তর | 01711223374 | [স্বাক্ষর] |
| ১১. | মো: মাহিদুল রানা<br>বরিশাল যান্ত্রিক পওর বিভাগ | 01647200602 | [স্বাক্ষর] |
| ১২. | মনসুর রহমান<br>সহকারী পরিচালক (অর্থনীতি)<br>বরিশাল বাপাউবো | 01712290236 | [স্বাক্ষর] |